

শাহজালালে যাত্রীসেবার মান আরও বাড়ানো হবে

- A Monitor Desk Report

Date: 17 May, 2025



ঢাকাঃ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের সদ্য নিয়োগপ্রাপ্ত নির্বাহী পরিচালক রাগিব সামাদ বলেছেন, এয়ারপোর্ট আমাদের দেশের ইমেজকে ধারণ করে। আর এ ইমেজ বাড়াতে এয়ারপোর্টের মানোন্নয়ন জরুরি। সুতরাং এয়ারপোর্টের যে যাত্রীসেবা, আমরা সেটা আরো বাড়াবো। এটি বাস্তবায়নের জন্য সবার সহযোগিতা প্রয়োজন।

বুধবার (১৪ মে) বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ ভবনে এভিয়েশন অ্যান্ড ট্যুরিজম জার্নালিস্ট ফোরাম অব বাংলাদেশ (এটিজেএফবি) আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

অনুষ্ঠানে সদ্য বিদায়ী নির্বাহী পরিচালক ও নিয়োগপ্রাপ্ত নতুন নির্বাহী পরিচালককে সংবর্ধনা দেওয়া হয়।

রাগিব সামাদ বলেন, আমার যে নতুন যাত্রা শুরু হয়েছে, তা অসম্পূর্ণ থেকে যাবে, যদি আপনাদের (সাংবাদিক) সহযোগিতা না পাই। কামরুল ইসলাম তার যে কর্মদক্ষতা রেখে গেছেন, সেটাকে প্রবাহমান রাখা একটা বড় চ্যালেঞ্জ। যেকোনো কাজেই মানুষের ভুলভ্রান্তি হয়, আমিও তার উর্ধ্বে নই। আপনাদের গঠনমূলক সমালোচনা সেসব ভুলভ্রান্তি ঠিক করতে সহযোগিতা করবে।

বক্তব্যে সাবেক নির্বাহী পরিচালক কামরুল ইসলাম বলেন, গতবছর পর্যন্ত এয়ারপোর্ট ১২ মিলিয়নের বেশি যাত্রী বহন করেছে। এছাড়া রেমিট্যান্সও এসেছে ৩ হাজার কোটি টাকার বেশি। দূততম সময়েই থার্ড টার্মিনাল অপারেশনে চলে আসবে বলেও উল্লেখ করেন তিনি।

এটিজেএফবির সভাপতি তানজীম আনোয়ারের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক বাতেন বিপ্লবের সঞ্চালনায় অনুষ্ঠানে সংগঠনের নেতা ও সদস্যরা উপস্থিত ছিলেন।

